

**একটি বন্ড
প্রতিষ্ঠান হতে অন্য বন্ড
প্রতিষ্ঠানে মেশিনারীজ
স্থানান্তরকালে কি কি পদ্ধতি
অনুসরণ করা হবে ?**

একটি বন্ডেড প্রতিষ্ঠান হতে অপর একটি বন্ডেড প্রতিষ্ঠানে মেশিনারী স্থানান্তর একটি স্থায়ী আন্তঃবন্ড স্থানান্তর কালে স্থায়ী আন্তঃবন্ড স্থানান্তরের যে নীতিমালা অনুমোদন করা হয় আলোচ্য ক্ষেত্রে তা অনুসরণ করতে হবে এবং অনুমতি বন্ড কমিশনারেটের হতে প্রদত্ত হবে। মেশিনারীজ আন্তঃবন্ড স্থানান্তরের ক্ষেত্রে নিম্নরূপ দলিলাদি দাখিল ও যাচাই প্রয়োজন, যেমন-

- (গ) যথাযথ মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের মধ্যে সম্পাদিত চুক্তিপত্র;
- (খ) স্থানান্তরযোগ্য মেশিনারী এর আমদানি দলিল যথা এলসি, ইনভয়েস বিএল, প্যাকিং লিষ্ট, বি/ই এর কপি, স্থানীয় ক্রয় হলে মূসক-১১ চালান ও ইনভয়েস;
- (গ) বিনিয়োগ বোর্ডের অনাপত্তি ও সংশোধনী;
- (ঘ) সংশ্লিষ্ট সমিতির সুপারিশ;
- (ঙ) প্রতিষ্ঠানের লিয়েন ব্যাংকের অনাপত্তিপত্র;
- (চ) মেশিনারী স্থানান্তর কালে ক্ষয়ক্ষতি হলে এর দায়দায়িত্ব বহন করার জন্য যেরূপ নির্ধারিত হবে সেরূপ মূল্যমানের রিস্ক বন্ড দাখিল করতে হবে।

আবেদনের সাথে এসকল দলিলাদি দাখিল করলে সঠিক বিবেচনায় আরোপিত শর্তাদি পরিচালন সাপেক্ষে স্থানান্তরের অনুমতি দেয়া যায়। তবে অনুমতি প্রদানের পূর্বে গ্রহণকারী প্রতিষ্ঠানে স্থানান্তরিত মেশিনারী প্রতিষ্ঠানের মূল কার্যক্রম বহাল রেখে স্থাপনার ভৌত-অবকাঠামোগত সুযোগ সুবিধা আছে কিনা তা নিশ্চিত করা হয়। স্থানান্তর প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পাদনের পর গ্রহণকারী প্রতিষ্ঠানের বন্ড লাইসেন্সে এ সকল মেশিনারী সংযোজন হবে। এক্ষেত্রে বন্ডেড প্রতিষ্ঠানে নতুনভাবে মেশিনারী সংযোজনে যে নীতিমালা অনুসরণ করা হয় আলোচ্য ক্ষেত্রেও সে সকল নীতিমালা ও দিক নির্দেশনা অনুসরণ করতে হবে এবং স্থানান্তরিত মেশিন স্থাপনের কালে যদি মৌলিক উৎপাদন ক্ষমতা বৃদ্ধি পায় তবে সে হারে উৎপাদন ক্ষমতা ও আমদানি প্রাপ্যতা বৃদ্ধি পাবে। অপরদিকে স্থানান্তরিত মেশিনসমূহ প্রদানকারী প্রতিষ্ঠানের বন্ড লাইসেন্স হতে বিয়োজন হবে এবং উৎপাদন ক্ষমতা যদি হ্রাস পেয়ে যায় তবে সে অনুপাতে উৎপাদন ক্ষমতা ও আমদানি প্রাপ্যতা হ্রাস পাবে।

এ প্রসঙ্গে একটি বিষয় লক্ষ্য রাখা প্রয়োজন যে, একটি কারখানা স্থাপনে ন্যূনতম মেশিনারী এর যে পরিমাণ নির্ধারিত আছে মেশিনারী স্থানান্তরের ফলে হ্রাস পেয়ে সে পরিমাণের নিম্নে চলে এসেছে কিনা বিষয়টি স্থানান্তর অনুমতি প্রদানের পূর্বে নিশ্চিতযোগ্য।

বিজিএমইএ-এর বিজ্ঞপ্তি নং-৩৯/৯৫ তারিখ: ০৫/০৬/৯৫ অনুযায়ী পোষাক কারখানা স্থাপনের ন্যূনতম মেশিন সংখ্যা ও আয়তন নিম্নরূপ :-

ক্রমিক নং	প্রকৃতি	যন্ত্রপাতির সংখ্যা	আয়তন
১	ওভেন ফ্যাক্টরী	৩২	৪০০০ বর্গফুট
২	নীট ফ্যাক্টরী	২৫	৩৬০০ বর্গফুট
৩	সুয়েটার	৬৫	৫৫৭০ বর্গফুট
৪	প্যান্ট	২৪	৩৬০০ বর্গফুট

তবে বন্ড কমিশনারেট থেকে ওভেন ফ্যাক্টরীর ক্ষেত্রে মেশিন সংখ্যা ৮০টিতে বৃদ্ধি করা হয়েছে।